Islamic Religious Council of Singapore

Friday Sermon

6 October 2023 / 20 Rabiulawal 1445H

নবীজীর পদাঙ্ক অনুসরণ – আল্লাহর নেয়ামতসমূহকে সুরক্ষা করা

الحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ مَكَارِمَ الأَخلاَقِ عُنوَانَ أَهلِ العِرْفَانِ، وَجَعَلَ حُسْنَ الخُلُقِ أَفضَلَ شَيءٍ يُوضَعُ فِي المِيزَانِ، وَأَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ الرَّؤُوفُ المَنَّانُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبدُهُ ورَسولُهُ أَرسَلَهُ اللهُ إِلَى سَائِرِ الإِنسِ وَالجَانِّ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصحَابِهِ الَّذِينَ هُم لِأَهلِ الأَرضِ مَنبَعُ الرَّحمَةِ وَالأَمَانِ. أَمَّا بَعْدُ، فَيَا عَبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنْتُم مُسْلِمُونَ

জুম্মায় আগত সম্মানিত মুসুল্লীবৃন্দ,

আসুন, আল্লাহ সুবহানাহু ওয়াতাআলার সকল নির্দেশ পালন করে এবং তিনি যা নিষিদ্ধ করেছেন তা করা থেকে বিরত থেকে আমরা তাঁর প্রতি তাকওয়া বৃদ্ধি করার প্রচেষ্টা অব্যাহত রাখি। আমরা যেন এই দুনিয়ায় এবং পরকালে তাঁর সফল বান্দা হিসাবে পরিগণিত হতে পারি। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

সম্মানিত ভাই ও বোনেরা,

মুসলমান হিসাবে আমাদের উচিত আমাদের প্রিয় নবী হযরত মুহম্মদ(সঃ) এর জীবনাদর্শকে অনুকরণ করে চলা। তাহলে আমাদের জীবনের নানা ক্ষেত্রে তাঁর আদর্শ আমাদের কাজকে ঘিরে থাকবে। এর মধ্যে উল্লেখযোগ্যগুলি হল ব্যক্তিগত আচরণ, নৈতিকতা, ধার্মিকতা বা আধ্যাতিকতা এমনকি আমাদের ব্যবহারিক কাজকর্মগুলিও। আজকের খুতবায় আমরা দেখব যে মহান ক্ষমাশীল আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা য়ামাদের নবীকে যে সমস্ত নেয়ামতগুলি দান করেছেন, সেগুলিকে তিনি যেভাবে ব্যবহার করেছেন তা থেকে আমরা যে গভীর এবং সর্বকালীন শিক্ষা লাভ করতে পারব তার ওপর আজ আলোকপাত করা হবে।

উল্লেখিত আয়াতটি থেকে আমরা বুঝতে পারি যে, মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা আমাদেরকে তাঁর যে অসীম নেয়ামত ও অনুগ্রহ দান করেছেন, তা থেকে শিক্ষা লাভ করে আমাদের স্বভাবে তার বৈশিষ্ট্যটি ফুটিয়ে তুলতে পারি, ,সেগুলি হল কৃতজ্ঞতাবোধ, নম্রতা ও উদারতা।

সাইয়্যদা আয়েশা (রাঃ) একটি হাদীসের কথা বর্ণনা করেছেন,

كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا صَلَّى قَامَ حَتَّى تَفَطَّرَ رِجْلاَهُ قَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ أَتَصْنَعُ هَذَا وَقَدْ غُفِرَ لَكَ مَا تَقَدَّمَ مِنْ ذَنْبِكَ وَمَا تَأَخَّرَ فَقَالَ " يَا عَائِشَةُ أَفَلاَ أَكُونُ عَبْدًا شَكُورًا

অর্থঃ নবী করিম (সঃ) ততক্ষণ পর্যন্ত নামাজে দন্ডায়মান থাকতেন যতক্ষণ পর্যন্ত না তাঁর দুই পা ফুলে যেত। তাঁকে যখন জিগ্যেস করা হত যে আপনি কেন এত দীর্ঘক্ষণ সময় ধরে ইবাদত করেন? তিনি জবাবে বলতেন, আমার কি একজন কৃতজ্ঞতায় পরিপূর্ণ বান্দা হওয়াই উচিত নয়? (ইমাম মুসলিম কর্তৃক বর্ণিত হাদীস)

সুবহানাল্লাহ! মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার দৃষ্টিতে একজন উৎকৃষ্ট বান্দা হওয়া সত্ত্বেও নবীজী মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা প্রদত্ত দেয়া নেয়ামতের জন্য শুকরিয়া প্রকাশ করার নিমিত্তে সর্বদা থাকতেন বিনয়ী এবং ইবাদত করতেন অনেক বেশী। মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা প্রদত্ত নেয়ামতের বিনিময়ে তাঁর প্রতি আমাদের রাসুলুল্লাহ (সঃ) এর যে আচরণ তা অনুকরণ করা কেবলমাত্র নবী করিমে (সঃ) এর প্রতি আমদের ভক্তি প্রদর্শনই দেখায় না, বরং তাঁর জীবন অনুসরণ করে আমরা কি করে একটি অর্থপূর্ণ, পূণ্য ও ধর্মনিষ্ঠ জীবন যাপন করতে পারি তারই একটি পরিকল্পনা বা প্রতিচিত্রও আমরা তৈরী করতে পারি।।

জুম্মায় আগত সম্মানিত মুসুল্লীবৃন্দ,

মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা কোরাআন শরীফে উল্লেখ করেছেন যে,

وَمَا بِكُم مِّن نِّعْمَةٍ فَمِنَ ٱللَّهِ ۖ ثُمَّ إِذَا مَسَّكُمُ ٱلضُّرُّ فَإِلَيْهِ تَجْـَٔرُونَ ﴿٥٣﴾

অর্থঃ ***" তোমাদের কাছে যে সমস্ত নেয়ামত আছে, তা আল্লাহরই পক্ষ থেকে আসা নেয়ামত। অতঃপর তোমরা যখন দুঃখ কষ্টে পতিত হও, তখন কেবল তাঁর নিকট কান্নাকাটি কর"।*** *(সুরা আল নাহলঃ৫৩)*

এই আয়াতটি আমাদেরকে মূল সত্যতার কথা মনে করিয়ে দেয় আর তা হল যে, সমস্ত নেয়ামত দাতা হলেন মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা। এটি এমন একটি বিশ্বাস যা ইসলাম ধর্মের মূল নীতিকে ধারণ করে। এটা সৃষ্টিকর্তার দয়াশীলতার প্রতি অবিচল আস্থা এবং আমাদের যা কিছু তা মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা।রই অসীম দয়ার দান এই স্বীকৃতির প্রতি গুরুত্ব আরোপ করে। এই পৃথিবীতে যা কিছু আছে, তার সব যেমন আমাদের সাফল্য, আমাদের স্বাস্থ্য, পরিবার, সম্পদ এমনকি পরিবেশের মধ্যে যে সৌন্দর্য ছড়িয়ে আছে তার সবকিছু মহান সৃষ্টীকর্তারই অশেষ মহিমা ও করুণার দান এই ধারণাকে গুরুত্ব প্রদান করে।

আমাদের দ্রুত-ধাবমান এই বিশৃংখলাপূর্ণ জীবনে আমরা খুব সহজেই এই গভীর ধারণাটি উপেক্ষা করে যাই যে, আমাদের সকল নেয়ামত, আমাদের সৌভাগ্যের সামান্য অংশটিও , আমাদের প্রতিটি আনন্দ ও অর্জন মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলারই উপহার মাত্র।

সম্মানিত ভাই ও বোনেরা,

এই বিশ্বাসটি আমাদের জীবনে এক গভীর প্রভাব বিস্তার করে। এই বিশ্বাসটি এমন একটি কৃতজ্ঞতাবোধকে ঘিরে থাকে যা ভাষায় প্রকাশ করা কঠিন।

আমরা প্রতিদিন মহান আল্লাহু সুবহানাহু তাআলার যে অসংখ্য নেয়ামত উপভোগ করি এই বিশ্বাসটি তা অনুধাবন করে আমাদের কাজের মধ্যে দিয়ে তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রদর্শন করার কথা বলে। কৃতজ্ঞতা শুধুমাত্র আমাদের একটি সেন্টিমেন্ট নয়, এটা একটা জীবনব যাপন পদ্ধতি যা কিনা মহান আল্লাহ তা আলার উদারতাকে স্বীকৃতি জানায় এবং এমনভাবে জীবন যাপন করতে শেখায় যা সেই সেই জীবন যাপন পদ্ধতিকেই মূলতঃ সীকৃতি জানায়।

ইসলাম ধর্মে বিশ্বাসী মানুষ হিসাবে, মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলারই কর্তৃক প্রদত্ত নেয়ামত তাঁর পছন্দমত পথে ব্যবহার করে তাঁর প্রতি এই নে্য়ামতসমূহ প্রদনের জন্য কৃতজ্ঞতা জানানো আমাদের কর্তব্য। আমাদের সবসময় মনে রাখা দরকার যে মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা প্রদত্ত সবগুলি নেয়ামতের ওপর তিনি ক্ষমতা ধারণ করেন এবং আমরা যে সেই সব নেয়ামত উপভোগ করতে পারি সে-ও কেবলমাত্র তাঁরই অনুগ্রহ।

আমাদের জীবনে আমরা যখন অর্থ উপার্জনের প্রচেষ্টায় থাকি, তখন আমাদের মনে রাখা দরকার যে আমাদের নিজেদের প্রচেষ্টাই সব নয়। আমাদের অন্তরকে সর্বাত্মকভাবে মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার নিকট সমর্পণ করে তাঁর প্রতি আমাদের অবশ্যই বিনয়ী থাকা উচিত। নম্র থাকার এই স্বভাব মহান আল্লাহ্ সুবহানাহু

ওয়া তা'আলা প্রদত্ত নেয়ামতসমূহ ব্যবহার করে তাঁকে সন্তুষ্ট করতে শিক্ষা দেয় এই বোধ থেকে যে সমস্ত নেয়ামতসমূহের মালিক মূলতঃ মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা ছাড়া আর কেউ নয়।

যখন আমরা কাউকে কষ্ট পেতে দেখি, তখন আমাদের অর্থনৈতিক সংগতির মধ্যে থেকে যতটা সম্ভব ততটুকু সাহায্য যেন আমরা অবশ্যই করি। তবে এই করাটা কেবলমাত্র আমাদের বন্ধু-বান্ধব, পাড়া-পড়শীর মধ্যে সীমাবদ্ধে করে রাখলে চলবে না, আমাদের আস্থাশীল কিছু দাতব্য সংস্থাতেও দান করে পৃথিবীর অন্যান্য ভাইদের দিকেও সাহায্যের হাত বাড়ানো উচিত। উদার দানশীলতা আমাদের নবী করিম (সঃ) চরিত্রের আরেকটি বিশেষ গুণ। তাঁর জীবনের সকল নেয়ামত বা সৌভাগ্যসমূহ তিনি অন্যের সংগে ভাগ করে নিতে তিনি সবসময় তৎপর থাকতেন এবং তাঁর সকল সম্পদ ও পুঁজি তিনি অপেক্ষাকৃত কম সৌভাগ্যবানদের মধ্যে বিলি করে দিতেন।

আজকের খুতবা শেষ করার আগে আসুন, আপনাদের সকলের সংগে রাসুলুল্লাহ (সঃ) এর একটি দোয়া পাঠ করি। এই দোয়াটি পাঠ করতে হবে যথেষ্ট নিষ্ঠা ও নম্রতা সহকারে । আমরা সবাই এই পাঠটি অত্যন্ত নিষ্ঠা ও নম্রতার সাথে করব যেন মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার দৃষ্টিতে আমরা যা কিছু করি না কেন তার জন্য মহান আল্লাহ পাকের সকল নেয়ামত ও নির্দেশনা পেতে পারি।

اللَّهمَّ إِنِّي أسألُكَ العفوَ والعافيةَ فِي دينِي ودُنْيَايَ وأَهْلِي ومَالِي

অর্থঃ হে আল্লাহ, সুবহানাহু ওয়া তা'আলা, আমি তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি এবং আমাদের ধর্ম, আমাদের জাগতিক সংসার, আমার পরিবার , সম্প[দ সবকিছুরই কল্যাণ চেয়ে তোমার নিকট দোয়া চাচ্ছি ।

মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা’আলা যেন আমাদের শক্তি ও পথ নির্দেশনা প্রদান করেন যেন আমরা তাঁর দেয়া নেয়ামতের প্রতিদানে মহান আল্লাহ সুবহানাহু তা আলার প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি এবং যেন তিনি আমাদেরকে এর অপব্যবহার থেকে রক্ষা করে থাকেন।

আমীন! ইয়া রাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَ أَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَ لَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَ بَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا

وَمَا بطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَارَبَّ العَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذْكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضلِهِ يُعطِكُم، وَلَذِكرُ اللهِ أَكبَرُ، وَاللهُ يَعلَمُ مَا تَصنَعُونَ.